মেহেরপুরে বাড়ছে আক্রান্তের সংখ্যা! একদিনে ৪৭জন আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৪৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ২৯ জন, গাংনীতে ১১ জন এবং মুজিবনগরে ৭ জন।

বুধবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৯১টি। তারমধ্যে ৪৭জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩৫৫ জন। তার মধ্যে সদরে ১৪২ জন, গাংনীতে ১৩৫ জন এবং মুজিবনগরে ৭৮ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৩৭ জন। সদর-১৩, গাংনী-১৫ এবং মুজিবনগর-৯ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে ওয়ালটন শোরুমের যাত্রা শুরু

মেহেরপুরের ঐতিহাসিক মুজিবনগরের প্রাণকেন্দ্র অবস্থিত কেদারগঞ্জ বাজারে ওয়ালটন শোরুমের যাত্রা শুরু হয়েছে। বাজারের হুদাপ্লাজায় ইসলামী ব্যাংক এর নিচতালায় উপজেলার একমাত্র ওয়ালটন এক্সক্লুসিভ ইলেকটনিক্স শোরুমের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা।

বুধবার বিকালে শোরুম কার্যালয়ে করোনা ভাইরাস এর কারনে সিমিত

আকারে এ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

হুদাপ্লাজার মালিক অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক আবুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন কেদারগঞ্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক, সাধারণ সম্পাদক হেকমত আলী, রামনগর দক্ষিন সরকারী প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুন অর রশিদ বেবি মোল্লা সহ বাজারের গন্যমান্য ব্যাক্তিবর্গ।

আলোচনা অনুষ্ঠানের আগে ফিতা কেটে আনষ্ঠানিকভাবে শোরুমের উদ্বোধন করে উপস্থিত অতিথিবৃন্দরা।

পঁচা গম মজুদ করে আটা ময়দা তৈরি! কারখানা মালিককে লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ায় পঁচা গম রাখার অপরাধে সি,আর,পি ফ্লাওয়ার মিলের মালিককে ১ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া ও ৪৮ ঘন্টার ভিতরে এই পচাগম অপসারণের নির্দেশ দেওয়া হয়েছে।

বুধবার দুপুরে শহরের বড় ষ্টেশন এলাকার কবি আজিজুর রহমান রোড সংলগ্ন সি,আর,পি ফ্লাওয়ার মিল মালিককে পচা গম রাখার অপরাধে এই জরিমানা করা হয়েছে।

এর আগে র্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের কোম্পানী কমান্ডার মেজর মাহফুজুর রহমান এবং কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট সবুজ হাসান এর নেতৃত্বে র্যাবের একটি অভিযানিক দল কুষ্টিয়া জেলার সদর থানাধীন কবি আজিজুর রহমান সড়ক সংলগ্ন মেসার্স সি,আর,পি ফ্লাওয়ার মিলে দীর্ঘ দিন যাবত পঁচা গম দিয়ে, আটা, ময়দা, সুজি তৈরী করে আসছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে। পরে ভ্রাম্যমান আদালতে এ জরিমানা আদায় করা হয়।

ভ্রাম্যমান আদালতের বিচারক কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিষ্ট্রেট সবুজ হাসান জানান, পঁচা গম রাখার অপরাধে শহরের বড় ষ্টেশন এলাকার কবি আজিজুর রহমান রোড সংলগ্ন সি,আর,পি ফ্লাওয়ার মিল মালিক সৌরভ পালকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন এর ২০০৯ এর ৪৩, ৫২ ও ৫৩ ধারার অপরাধ মোতাবেক এক লাখ টাকা জরিমানা আদায় করা হয় এবং ৪৮ ঘন্টার ভিতরে পচা গম অপসারণের নির্দেশ দেওয়া হয়।

কুষ্টিয়া র্যাব-১২ সিপিসি-১ এর ক্যাম্পের কোম্পানি কমান্ডার মেজর মাহফুজ বলেন, আমরা সোর্স মাধ্যমে জানতে পারি এখানে পঁচা গম দিয়ে আটা,সুজি,ময়দা প্রস্তুত চলছে। এর পরিপ্রেক্ষিতে আমরা মিলটিতে অভিযান পরিচালনা করে সত্যতা পাই। সত্যতা পেয়ে মিল মালিককে ১ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে এবং ৪৮ ঘন্টার মধ্যে এই পচা গম মিল থেকে অপসারণ করার নির্দেশ দেওয়া হয়েছে। কুষ্টিয়ায় খাদ্যে ভেজালের সন্ধান মিললেই আইনগত ব্যবস্থা গ্রহণ অব্যাহত থাকবে।

ঘুষ নেওয়ার অভিযোগে কুষ্টিয়া সাব রেজিস্ট্রার অফিসের কর্মচারী বরখাস্ত

ঘুষ নেওয়ার অভিযোগে কুষ্টিয়া সদর উপজেলা সাব রেজিস্ট্রার কার্যালয়ের অফিস সহকারী রফিকুল ইসলাম মুকুলকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কুষ্টিয়া সদর উপজেলা সাব রেজিস্ট্রার সুব্রত কুমার সিংহ তাকে বরখাস্ত করেন।

টনার বিবরণে জানা যায়, গত মঙ্গলবার বাংলাদেশ সুপ্রিম কোর্টের ডেপুটি অ্যাটর্নি জেনারেল বি এম আব্দুর রফেল কুষ্টিয়া সদর উপজেলা রেজিস্ট্রি অফিসে জমি রেজিস্ট্রি করতে যান। সেখানে তাঁর কাছে ঘুষ চাওয়া হয় বলে অভিযোগ করেন তিনি। পরে ওই আইন কর্মকর্তার ভাইয়ের কাছ থেকে ১০ হাজার টাকা নেন ওই কর্মচারী। বি এম রফেল এ ব্যাপারে তাঁর ফেসবুক পেজে পোস্ট দিলে তা নিয়ে তোলপাড় সৃষ্টি হয়।

কুষ্টিয়া সদর উপজেলা সাব রেজিস্ট্রার সুব্রত কুমার সিংহ বলেন,‘বি এম আব্দুর রফেল আমার দপ্তরে এসেছিলেন জমি রেজিস্ট্রি করতে। উনার কাজ দ্রুত করে দিই। তাঁর কাছ থেকে টাকা চেয়েছিল বলে শুনেছি। পরে অফিস ফির টাকা বাদে বাকি টাকা ফেরত দিতে বলেছি। আর এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে অফিস সহকারী রফিকুল ইসলাম মুকুলকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

অভিযুক্ত অফিস সহকারী রফিকুল ইসলাম মুকুলের বিরুদ্ধে নানা অভিযোগ রয়েছে। এর আগেও ঘুষ লেনদেনের সময় দুদুকের হাতে গ্রেপ্তার হন তিনি।

ঝিনাইদহে শিশু হাসপাতালটি এখন নিজেই রোগী

ঝিনাইদহে গড়ে ওঠা বাংলাদেশের একমাত্র ২৫ শয্যার বিশেষায়িত শিশু হাসপাতালটি এখন ঢাল তলোয়ার না থাকা নিধিরাম সর্দ্দারের মতো। হাসপাতালে না আছে জনবল, না আছে শিশুদের পরীক্ষা নিরিক্ষার যন্ত্রপাতি। নানা সংকটে হাসপাতালটি এখন নিজেই রোগী।

নয়নাভিরাম পরিপাটি সুরম্য ভবনটি কেবল শিশু হাসপাতালের নাম পরিচয় নিয়েই দাড়িয়ে আছে ১৬ বছর। ফলে শিশু রোগী ভর্তি হয়ে চিকিৎসা পেলেও পরীক্ষা নিরিক্ষার সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। জনবল নিয়োগ না করায় সুরম্য স্টাফ কোয়াটারগুলো খালি পড়ে আছে।

এদিকে অভিযোগ উঠেছে, ১৫ বছর আগে দেওয়া শিশু হাসপাতালের ৩ কোটি টাকা মুল্যমানের যন্ত্রপাতির কোন হদিস নেই। সেগুলো গায়েব হয়ে গেছে। কিছু পড়ে থেকে নষ্ট হয়ে গেছে। তথ্য নিয়ে জানা গেছে, বাংলাদেশের একমাত্র সরকারী এই শিশু হাসপাতালটি ঝিনাইদহে প্রতিষ্ঠিত হয় ২০০৫ সালে।

প্রতিষ্ঠার ১৫ বছর পর গত ৯ জানুয়ারি শিশু হাসপাতালটি যন্ত্রপাতি, ডাক্তার ও জনবল সংকট নিয়ে চালু করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে পরিকল্পনা মন্ত্রনালয়ের সিনিয়র সচিব আসাদুল ইসলাম (সাবেক

হয়েছে। ৮ জন সেচ্ছাসেবির বেতন দিচ্ছেন ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু ও জাহেদী ফাউন্ডেশন।

তিনি বলেন শিশু হাসপাতালে ১৫টি স্টিলের আলমিরা, ৭টি ফাইল কেবিনেট, ৩৪টি লোহার র্যাক, ৭০টি চেয়ার ও ৩৬টি ফুল সেক্রেটারিয়েট টেবিল থাকলেও পড়ে থেকে সেগুলো বেশির ভাগ ব্যবহারের অযোগ্য।

তবে ঘষে মেজে কাজ চালানো হচ্ছে। বিষয়টি নিয়ে ঝিনাইদহ সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম জানান, করোনা মহামারির কারণে সব কিছু পিছিয়ে যাচ্ছে। ১০ দিনের কাজ এখন এক বছরেও হচ্ছে না। সবাই ব্যবস্থ করোনা নিয়ে।

তিনি বলেন, আমরা শিশু হাসপাতালটির পুর্নাঙ্গতা ফিরিয়ে আনতে প্রতিনিয়ত চিঠির মাধ্যমে মন্ত্রনালয়ের সাথে যোগাযোগ রাখছি। আশা করা যায় জনবল ও যন্ত্রপাতির সংকট দুর হবে।

ওই হাসপাতালের নার্স ও সেচ্ছাসেবীরা জানান, জুনিয়র কনসালটেন্ট হিসেবে ডাঃ আলী হাসান ফরিদ (জামিল) দায়িত্ব গ্রহনের পর সরকারী শিশু হাসপাতালটির ক্রমাগত শোভা বর্ধন করা হচ্ছে।

পরিত্যাক্ত জমিতে ফুল বাগান ও ফলদ ও বনজ বৃক্ষ লাগানো হচ্ছে। এছাড়া হাসপাতাল চত্বর দৃষ্টিনন্দন করে গড়ে তোলা হচ্ছে। মুল ভবন ও স্টাফ কোয়াটার সব সময় পরিস্কার পরিচ্ছন্ন রাখতে লোক নিয়োগ করা হয়েছে।

শৈলকুপায় টিকটকের আড়ালে ইয়াবা ব্যবসা আটক ২

ঝিনাইদহের শৈলকুপায় টিকটকের আড়ালে ইয়াবা ব্যবসা চালিয়ে আসছে আচল মাল্টিমিডিয়ার পরিচালক জাহিদ হাসান। ঝিনাইদহ ডিবি পুলিশের একটি দল বুধবার দুপুর ১ টার দিকে আচল মাল্টিমিডিয়া ফাতেমা মার্কেট শৈলকুপা বাজারে অভিযান চালিয়ে দুইজনকে আটক করে, আটককৃতরা হলো আচল মাল্টিমিডিয়ার পরিচালক জাহিদ হাসান ৪৫, পিতা ইকতিয়ার মন্ডল,

গ্রাম দেবতলা। ২। আব্দুস সালাম ২৫,পিতা জামিরুল ইসলাম, গ্রাম সিংনগর । আটকের সময় তাদের নিকট থেকে ৭৫ পিচ ইয়াবা জব্দ করে ডিবি পুলিশ। এসআই আলিমুজ্জামান এর নেতৃত্বে সাত সদস্যের একটি চৌকস দল এ অভিযান পরিচালনা করে। এসআই আলিমুজ্জামান জানান গোপন তথ্যের ভিত্তিতে তারা এ অভিযান পরিচালনা করেছে এবং অভিযানে তারা সফল হয়েছে।

ঝিনাইদহে করোনায় ২৪ ঘন্টায় ৮ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ১১৭

ঝিনাইদহে করোনায় আক্রান্ত হয়ে ২৪ ঘন্টায় ৮ জনের মৃত্যু হয়েছে। নতুন করে আক্রান্ত হয়েছে আরও ১’শ ১৭ জন।
সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, বুধবার সকালে কুষ্টিয়া ও ঝিনাইদহ ল্যাব পরীক্ষা করা ২’শ ২৭ টি নমুন পরীক্ষার ফলাফলে ১’শ ১৭ জনের ফলাফল পজেটিভ এসেছে। আক্রান্তের হার ৫১ দশমিক ৫৪ ভাগ। এনিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা দাড়ালো ৩ হাজার ৬’শ ৩৮ জনে। গত ২৪ ঘন্টায় ঝিনাইদহ সদর হাসপাতালের করোনা ইউনিট ও বাড়িতে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে ৮ জন।
এদের মধ্যে ঝিনাইদহ সদর হাসপাতালে ৪ জন, হরিণাকুন্ডু উপজেলার রহিমপুর গ্রামে একজন, শৈলকুপার বাগুটিয়া গ্রামে একজন, মহেশপুর উপজেলার আজমপুর গ্রামে একজন ও কোটচাঁদপুর উপজেলার মায়াধরপুর গ্রামে একজন রয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা দাড়ালো ৭৯ জনে। এদিকে করোনার সংক্রমন প্রতিরোধে জেলায় শুরু হয়েছে লকডাউন। লকডাউন কার্যকরে শহরের বিভিন্ন স্থানে চেকপোস্ট ও অভিযান চালাচ্ছে পুলিশ ও ভ্রাম্যমাণ আদালত।

কোটচাঁদপুরে মোটরসাইকেল ধাক্কায় বৃদ্ধার মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে মোটরসাইকেলের ধাক্কায় অনিমা দে (৮০) নামে এক বৃদ্ধার মর্মান্তিক মৃত্যু হয়েছে। বুধবার বেলা ১১ টার দিকে উপজেলার রাজাপুর গ্রামে এই দূর্ঘটনা ঘটে। নিহত অনিমা দে উপজেলার রাজাপুর গ্রামের মৃত হিল্লাল দে’র স্ত্রী । পরিবার সূত্রে জানাযায়, বুধবার সকালে অনিমা দে নিজ বাড়ি থেকে বের হয়ে রাস্তায় পার হচ্ছিলেন।
এসময় পিছন দিক থেকে দ্রুতগতিতে আসা একটি মোটরসাইকেল অনিমাকে সজোরে ধাক্কা দেয়। এতে সে মাথায় গুরতর আঘাত পেয়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

দর্শনা পৌর আওয়ামীলীগের আয়োজনে ৭২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

চুয়াডাঙ্গা জেলার দর্শনা পৌর আওয়ামী লীগ এর আয়োজনে গৌরব, সাফল্য ও সংগ্রামের ৭২ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। গতকাল বুধবার দর্শনা পৌর আওয়ামীলীগেরর দলীয় কার্যালয়ে সকাল ৯ ঘটিকার সময় জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পূস্পমাল্য অর্পন হরেন দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনসুর বাবু এবং এসময় তিনি বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শের একটি সোনার

বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন।

আপনারা সঙ্গে ছিলেন বলেই সোনার বাংলায় আজ উন্নয়ন হয়েছে এবং আগামীতেও আমাদের সঙ্গে থাকবেন ধন্যবাদ সবাইকে। সে সময় আরও উপস্থিত ছিলেন, জেলা আওয়ামীলীগের ধর্ম বিষয়ক সম্পাদক বীর মুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ সহ আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা।

মেহেরপুর শহর আওয়ামীলীগের উদ্যোগে আওয়ামীলীগের ৭২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

মেহেরপুর শহর আওয়ামীলীগের উদ্যোগে বাংলাদেশ আওয়ামীলীগের ৭২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। বুধবার সকালে জেলা পরিষদের সামনে

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ এবং সংক্ষিপ্ত আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে বাংলাদেশ আওয়ামীলীগের ৭২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন হয়।

মেহেরপুর শহর আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসূল, মেহেরপুর জেলা পরিষদের সাবেক প্রশাসক ও জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী প্রমূখ। এসময় সেখানে দলীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।